



নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নে ফ্যামিলি কার্ডে অগ্রাধিকার: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

জুনের বাজেটে ফ্যামিলি কার্ড কর্মসূচিতে বড় অঙ্কের বরাদ্দ রাখা হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, আগামী এক বছরের মধ্যে প্রায় ৫০ লাখ পরিবারের কাছে এই কার্ড পৌঁছে দেওয়ার পরিকল্পনা রয়েছে। নির্বাচনের আগে দেওয়া প্রতিশ্রুতি ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে বলেও তিনি উল্লেখ করেন। শনিবার (১৬ মে) চাঁদপুরের জনসভায় যোগ দিতে যাওয়ার পথে কুমিল্লার লাকসামের মুদাফরগঞ্জ বাজারে এক পথসভায় তিনি এসব কথা বলেন। তিনি জানান, ইতোমধ্যে বিভিন্ন এলাকায় ফ্যামিলি কার্ড বিতরণ শুরু হয়েছে এবং স্থানীয় মানুষও এই সুবিধার আওতায় আসবে।

এর আগে কুমিল্লার বরুড়া উপজেলার লক্ষ্মীপুর বাজার মাঠের আরেক পথসভায় স্থানীয় জনপ্রতিনিধিরা দীর্ঘদিনের কিছু দাবি তুলে ধরেন। এর মধ্যে কুমিল্লাকে বিভাগ ঘোষণা এবং একটি কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়টি ছিল উল্লেখযোগ্য।

প্রধানমন্ত্রী এসব দাবির বিষয়ে ইতিবাচক মনোভাব প্রকাশ করে বলেন, জনআকাজ্জা থাকলে কুমিল্লাকে বিভাগ করার বিষয়টি বাস্তবায়ন করা হবে। একই সঙ্গে কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপনের বিষয়েও অগ্রগতির আশ্বাস দেন তিনি।

তিনি আরও বলেন, অতীতের অনিয়ম ও অর্থনৈতিক ক্ষতির কারণে দেশ কিছু চাপে রয়েছে। তবে জনগণকে সঙ্গে নিয়ে উন্নয়ন কার্যক্রম এগিয়ে নেওয়া হবে এবং ধাপে ধাপে সব প্রতিশ্রুতি বাস্তবায়ন করা হবে।